



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিকল্পনা মন্ত্রণালয়

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)

গবেষণা ও প্রকাশনা শাখা



অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে অংশীজনের অংশগ্রহণে ১ম সভার কার্যবিবরণী

সভাপতি	সামসুদ্দিন আহমেদ ভূঁইয়া অতিরিক্ত মহাপরিচালক
সভার তারিখ	৩০ নভেম্বর, ২০২১ (মঙ্গলবার)
সভার সময়	সকাল ১০.৩০ ঘটিকা
স্থান	জুম অনলাইন প্ল্যাটফর্ম
উপস্থিতি	জনাব সায়মা আফরোজ ((যুগ্ম সচিব) প্রধান প্রশিক্ষক-১) এনএপিডি), ড. মোঃ নুরুজ্জামান (পরিচালক, গবেষণা ও প্রকাশনা) এনএপিডি, প্রকৌঃ মোঃ আবদুর রশিদ (পরিচালক, প্রশাসন ও অর্থ) এনএপিডি, জনাব মোহাম্মদ হাসান তারিক (পরিচালক, প্রশিক্ষণ) এনএপিডি, জনাব মঈনুদ্দিন আহমদ (ডেপুটি জেনারেল ম্যানেজার, জিটিসিএল), জনাব মোঃ ইমামুল হক (ডেপুটি জেনারেল ম্যানেজার, বোর্ড ডিভিশন, জিটিসিএল), জনাব মোঃ মঈনুল হাসান চৌধুরী, উপ-পরিচালক (প্রশাসন) ও সিস্টেম এনালিস্ট (অ.দা.) এনএপিডি, জনাব মাহমুদ হাসান (বাংলাদেশ কোস্ট গার্ড), জনাব মোঃ মহিউদ্দিন মিয়া (সিনিয়র অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি, পরিকল্পনা বিভাগ), জনাব মোঃ রফিকুল ইসলাম (সিনিয়র অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি, পরিকল্পনা বিভাগ), জনাব মোহাম্মদ সাইফুদ্দিন (উপ-ব্যবস্থাপক, পেট্রোবাংলা), জনাব মির্জা নূর ইসলাম (সহকারী পরিচালক) এনএপিডি, জনাব মোঃ নূরুল আমিন (সহকারী প্রোগ্রামার) এনএপিডি, জনাব দীপায়ন চক্রবর্তী পার্থ (গবেষণা কর্মকর্তা) এনএপিডি, জনাব এ.এস.এম লুৎফুল হাবিব (গবেষণা কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ), জনাব মোঃ বোরহান উদ্দিন (সহকারী প্রকৌশলী, ঢাকা ওয়াসা), জনাব মোঃ আহসান হাবিব (সিইও, বিডিইনফোটেক), জনাব কপিল হালদার সজল (সিইও, মেসার্স বিএসএইচ ইন্টারন্যাশনাল)।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন ও অর্থ) সভায় সূচনা বক্তব্য প্রদান করেন। এরপর একাডেমির উপ-পরিচালক (প্রশাসন) জনাব মোঃ মঈনুল হাসান চৌধুরী সভার কর্মপত্র উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয় -

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	কার্যবিবরণী দৃষ্টিকরণ	গত ২৬ এপ্রিল, ২০২১ তারিখে অনুষ্ঠিত ২০২০-২১ অর্থবছরের অংশীজনের অংশগ্রহণে সভার কার্যবিবরণী প্রেরণের পর কোনো সংশোধনী পাওয়া যায়নি। দৃষ্টিকরণ করা যেতে পারে।	কার্যবিবরণী দৃষ্টিকরণ করা হলো।	
২.	অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা	প্রাপ্ত অভিযোগ নিয়মিতভাবে নিষ্পত্তি ও তার যথাযথ ব্যবস্থাপনার বিষয়ে সভায় আলোচনা হয়। প্রতি মাসে পরিকল্পনা বিভাগে এ বিষয়ে প্রতিবেদন প্রদান করা হয় এবং তা পরিকল্পনা বিভাগের মাসিক সমন্বয় সভায় আলোচনা হয় মর্মে একাডেমির পরিচালক (প্রশাসন ও অর্থ) সভাকে অবহিত করেন।	প্রাপ্ত অভিযোগ নিয়মিতভাবে নিষ্পত্তি ও সংশ্লিষ্ট বিভাগে তা প্রতিবেদন আকারে প্রদান অব্যাহত রাখতে হবে।	পরিচালক (প্রশাসন ও অর্থ)

০২। সভাপতি একাডেমির অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে গৃহীত সার্বিক কার্যক্রমে সন্তোষ প্রকাশ করে সংশ্লিষ্টদের ধন্যবাদ জানান।

০৩। সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে সভায় সময় প্রদান করার জন্য আন্তরিকভাবে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সামসুদ্দিন আহমেদ ভূঁইয়া  
অতিরিক্ত মহাপরিচালক

স্মারক নম্বর: ২০.০৭.০০০০.০০৯.০৫.০০২.২১.৮৪

তারিখ: ১৭ অগ্রহাষণ ১৪২৮

০২ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) কর্মকর্তা (সকল), এনএপিডি।
- ২) মহাপরিচালকের স্টাফ অফিসার (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালক-এর দপ্তর, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
- ৩) ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক-এর দপ্তর, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)

দীপায়ন চক্রবর্তী পার্থ  
গবেষণা কর্মকর্তা-১